



শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর

ফোনঃ ৮৮০-৫৩১-৬১৩৫৫, ফ্যাক্স : ৮৮০-৬১৩১১ Web : www.hstu.ac.bd



স্মারক নং-হাবিপ্রবি/একা/ভর্তি/৪৩২৯

তারিখঃ ০৪/০১/২০২২ খ্রী:

প্রথম বর্ষ স্নাতক শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের প্রতি নির্দেশনা

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২১ শিক্ষাবর্ষের স্নাতক পর্যায়ে লেভেল ১, সেমিস্টার-I এ শিক্ষার্থী ভর্তির জন্য বিগত ২৬ ডিসেম্বর ২০২১ ইং তারিখে স্মারক নং হাবিপ্রবি/একা/৪৩২২ মূলে প্রকাশিত তারিখ ও সূচী অনুযায়ী ভর্তি সম্পন্ন হবে। ভর্তিইচ্ছুক নির্বাচিত প্রার্থীদেরকে নিম্নোক্ত ডকুমেন্ট ও নির্ধারিত ভর্তি ফি সহ ভর্তি হওয়ার জন্য বলা হলো। ভর্তি হওয়ার কাজের ধাপসমূহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের ভর্তি সংক্রান্ত পাতায় (<https://hstu.ac.bd/admission>) পাওয়া যাবে যা সকলকে দেখার জন্য বলা হলো।

প্রয়োজনীয় সার্টিফিকেট ও মার্কশীটের তালিকা (সাধারণ ও কোটা উভয়ের জন্য প্রযোজ্য)

১। এস.এস.সি ও এইচ.এস.সি. পাশের মূল সার্টিফিকেট ও মার্কশীট।

২। সর্বশেষ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি।

৩। পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি: ৮ কপি, স্ট্যাম্প সাইজের ছবি: ২ কপি। ছবি অবশ্যই ল্যাবপ্রিন্ট হতে হবে।

৪। ভর্তি ফি: সর্বমোট ১৫৮৭৫/- (পনেরো হাজার আটশত পঁচাত্তর) টাকা (এককালীন ভর্তি ফি, সেমিস্টার-I এর সাধারণ ফি, অনুষদীয় ফি, ছাত্র কল্যাণ ফি, হল এটাচমেন্ট ফি ও স্বাস্থ্যবীমা ফি)।

কোটার ক্ষেত্রে প্রমাণপত্র সংক্রান্ত নির্দেশাবলী

কোটা হতে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তির সময় মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমানাদি সহ প্রযোজ্যক্ষেত্রে আত্মীয়তার প্রমাণপত্রের মূলকপি, আদিবাসী ও উপজাতি শিক্ষার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/রাজা কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের মূলকপি, খেলোয়াড় কোটার ক্ষেত্রে বিকেএসপি থেকে প্রাপ্ত সনদপত্রের মূলকপি এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্রের মূলকপি জমা দিতে হবে।

০৪/০১/২০২২

(বীর মুক্তিযোদ্ধা প্রফেসর ডা: ফজলুল হক)
রেজিস্ট্রার (অ:দা:) ও সচিব, ভর্তি কমিটি-২০২১
হাবিপ্রবি, দিনাজপুর